দৈনিক সংবাদ

তারিখ 30 NOV 1992
পৃষ্ঠা ৮ কলাম ৩

৩৭

# সিলেট মেডিক্যাল ছাত্রীদের জন্যে শিগগিরই হোস্টেল নির্মাণ করা হবে ঃ খালেদা

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল রোববার ঘোষণা করেছেন, সিলেট ওসমানী মেডিক্যাল কলেজের ছাত্রীদের জন্য শিগগিরই একটি হোস্টেল নির্মাণ করা হবে।

বাসস জানায়, সিলেট মেডিক্যাল কলেজ ছাত্র-ছাত্রী সংসদের কর্মকর্তা এবং জাতীয়তাবাদী ছাত্রদল কলেজ শাখার নেতৃবৃন্দ গতরাতে প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সুগন্ধা কার্যালয়ে দেখা করলে তিনি এ কথা ঘোষণা করেন।

নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীকে কলেজের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত করে সেগুলো সমাধানের জন্য আহ্বান জানান।

প্রধানমন্ত্রী ধৈর্যের সঙ্গে তাদের কথা শোনেন। তিনি বলেন, ক্রমান্বয়ে সমস্যাগুলো সমাধান করা হবে।